সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪২০

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ সিয়াম পালনকারী কোন মুসলিম ব্যক্তিকে যে ব্যক্তি ইফতার করায়, মহান আল্লাহ অনুগ্রহ করে তাকে সিয়াম পালনকারীর সমপরিমাণ সাওয়াব দান করেন

ذِكْرُ تَفَضُّلِ اللَّهِ جَلَّ وَعَلَا بِإِعْطَاءِ الْمُفَطِّرِ مُسْلِمًا مِثْلَ أَجْرِهِ

আরবী

3420 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ عَنْ يَحْيَى الْقَطَّانِ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي سُلَيْمَانَ حَدَّثَنِي عَطَاءٌ عَنْ زَيْدِ بْنِ خَالِدٍ الْجُهَنِيِّ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَنْ فطَّر صَائِمًا كُتِبَ لَهُ مِثْلَ أَجْرِهِ لَا يَنْقُصُ مِنْ أَجْرِهِ شيء)
الراوي : زَيْد بْن خَالِدٍ الْجُهَنِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3420 | خلاصة حكم المحدث: صحيح – ((التعليق الرغيب)) (2/ 95) , ((أحاديث البيوع)).

বাংলা

৩৪২০. যাইদ বিন খালিদ আল জুহানী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি কোন সিয়াম পালনকারীকে ইফতার করায়, তার জন্য সিয়াম পালনকারীর সমপরিমাণ সাওয়াব লিখে দেওয়া হয়। এতে সিয়াম পালনকারীর সাওয়াবের কোন কমতি হবে না।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/১১৪-১১৫; দারেমী: ২/৭; তিরমিযী: ৮০৭; ইবনু মাজাহ: ১৭৪৬; সহীহ ইবনু খুযাইমাহ: ২০৬৪; তাবারানী: ৫২৭৩; বাগাবী: ১৮১৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৯০৫; ইবনু মাজাহ: ১৭৪৬; বাগাবী: ১৮১৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ২/৯৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি বর্ণনাকারীঃ যায়েদ ইবনু খালিদ আল-জুহানী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92754

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন